REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

ছাদের জন্য
লোহার কড়ি
বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি
উচিত মুল্যে বিক্রয় করি।
সস্তর দরের জন্য
পত্র লিখুন।
নিরঞ্জন এণ্ড কোং লিঃ
ম্যানেজিং ডিরেক্টার :—
শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
২নং দর্ম্মাহাটা ষ্ট্রীট
কলিকাতা।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৸০ টাকা। নগদ মূল্য ৴১০ দুই পয়সা বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে

শ্রীবিন[illegible] কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

২৮শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১১ই আষাঢ় বুধবার ১৩৪৮ ইংরাজী 25th June 1941 | ৬ষ্ঠ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

### হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও
নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।
১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৫ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুরং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷০, ছোট ১৷৶০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

### স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, লুদ্ধি, কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং
ম্যাঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

বাঙলার ও বাঙালীর নিজস্ব বীমা প্রতিষ্ঠান

### হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

ইহাতে জীবন-বীমা করিয়া সংসারে সুখস্বাচ্ছন্দ্য ও শান্তি সুপ্রতিষ্ঠিত করুন।

—আর্থিক পরিচয়—
(মে হইতে ডিসেম্বর, ১৯৩৯)

| | | |
|---|---|---|
| নূতন বীমা | ... | ২ কোটি ১০ লক্ষের উপর |
| মোট চলতি বীমা | ... | ১৭ " টাকার " |
| মোট সংস্থান | ... | ৩ " ৫৬ লক্ষের " |
| বীমা তহবিল | ... | ৩ " ১০ " " |
| দাবী শোধ (১৯০৭-৩৯) | ... | ১ " ৯১ " " |
| প্রিমিয়াম আয় | ... | প্রায় ৪৭ লক্ষ টাকা |

—বোনাস—
প্রতি বৎসর প্রতি হাজারে
মেয়াদী বীমায় ১৮৲ আজীবন বীমায় ১৫৲

হেড অফিস—হিন্দুস্থান বিল্‌ডিংস্, কলিকাতা
ব্রাঞ্চ—বোম্বে, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।
এজেন্সি :—ভারতের সর্ব্বত্র, বর্ম্মা, সিলোন, মালয়া, ব্রিঃ ইষ্ট আফ্রিকা।

মহা সমর! মহা সমর!!
এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত

### মোহিনী বিড়ি

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারাণ্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন।

একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী

মুলজী সিক্কা এণ্ড কোং

হেড অফিস—৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।
শাখাসমূহ :—১৬০ নং নবাবপুর রোড, ঢাকা,
সরায়গঞ্জ, মজঃফরপুর বি-এন-ডবলিউ-আর।
ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস,
গোণ্ডিয়া (সি, পি) বি-এন-আর।
আমাদের নিকট বিড়ি প্রস্তুতের বিশুদ্ধ তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়।
দরের জন্য পত্র লিখুন।

আসবে। কিন্তু ঠিক এই সময়ে উক্ত কর্মচারী শার্ণহোর্ষ্টের 'বর্ত্তমান' অবস্থান কিছুই জানেন না। তিনি শুধু জানেন জাহাজখানা কীল প্রণালীর কাছে একটি ভাসমান ডকে আছে। কিন্তু এইটুকু তথ্যই যথেষ্ট নয়। কোন্ দিকে জাহাজের মুখ, কোন্ দিকে তার পশ্চাৎ ভাগ ফেরানো আছে ভাসমান ডকটি ভূমির সম্পর্কে ঠিক কি ভাবে কোথায় আছে এবং ডক রক্ষার জন্য কি কি ব্যবস্থা আছে এই সব তথ্য তাঁর জানা দরকার।

বিকেল ৩টার সময় তিনি টেলিফোনে আরও সংবাদ সংগ্রহের চেষ্টা করলেন। বৈমানিকেরা উপদেশ নিয়ে ৭টার সময় যখন প্রস্তুত হয়ে বেরিয়ে আসছে তখন অতিরিক্ত যে সব তথ্য সংগ্রহ করা হয়েছে সেগুলো তাদের জানানো হল। সে সময় একখানা স্পিটফায়ার বিমান সেখানে এসে নামল। তার মধ্যে ডজন খানেক ফোটোগ্রাফ, ১ কি ২ ঘণ্টা আগে সেগুলো নেওয়া হয়েছে। তাতে শার্ণহোর্ষ্টের অবস্থান এবং তার আশপাশের সকল জায়গার নিখুঁত ছবি আছে।—কম্যাণ্ড একখানা খুব দ্রুতগামী বিমান বিশেষভাবে এই উদ্দেশ্যে পাঠিয়েছিলেন। বিমান সেখানে গিয়ে ছবি নিয়ে এসেছে। ৪ ঘণ্টার মধ্যে ছবি তৈরী হ'য়ে গিয়েছে। ছবিগুলো টেবিলে বিছিয়ে আলোচনা আরম্ভ হ'ল—এবং কি ভাবে আক্রমণ করা হবে সে বিষয়ে প্ল্যান করা হ'ল। প্ল্যানগুলো বৈমানিকদের মধ্যে বিলি করা হ'ল। সেই রাত্রে প্ল্যান অনুসারে শার্ণহোর্ষ্ট আক্রান্ত হয়। পর পর পাঁচটি বোমা জাহাজকে আঘাত করে এবং জাহাজ গুরুতরভাবে জখম হয়।

যে সব আক্রমণ সংবাদ প্রকাশিত হয় তার প্রত্যেকটিই বিশ্বাসযোগ্য সংবাদ। ব্রিটিশ বিমান এবং বৈমানিক উভয়েই জার্ম্মান বিমান এবং বৈমানিক থেকে বেশি উৎকর্ষ প্রাপ্ত। কিন্তু আধুনিক যুদ্ধে উৎকর্ষের কোনো মূল্য নেই যদি সেই সঙ্গে শত্রুর শক্তি সম্বন্ধে এবং অবস্থান সম্বন্ধে সঠিক জ্ঞান না থাকে। সেই জ্ঞানলাভের জন্য আমাদের পক্ষে কোনো অবহেলা নেই।

---

## "বর্ষা-মঙ্গল"

দর্দ্দুর দল বন্দিত সদা,
বিতাড়িত বায়ু বেগে,
জীবের পরাণ স্পন্দিত করা
তড়িৎ জড়িত মেঘে
আসন পাতিয়া নন্দিত করি
ঢালি সুধাসম জল
ক্ষুত্‌তৃষাতুর কৃষকের প্রাণ
কর দেব সুশীতল।
বায়ু কোণ হ'তে উঠিয়া আসিয়া
বিশাল বঙ্গদেশ
কৃপা বারি দানে কর্কটে কর
সুচারু আবাদ শেষ।
চাহি না বন্যা প্লাবনের বারি,
চাহি শ্রাবণের ধারা,
চাহি না জোছনা যামিনী এখন,
চাহি না আকাশে তারা।
চাহি ঘন ঘন বারি বরিষণ,
ভাদরে রবির তাপ,
দিয়া বায়ুহীন তুলা বরিষণ
ঘুচাও মনের তাপ।
কন্যায় যেন কাণে কাণে বেশ
ধান্যক্ষেত্র ভরি
জল দিও দেব বারিদ পতিহে
বঞ্চনা নাহি করি।
কোকিলের মুহু কুহু কুহু রব
করুক এখন চুপ,
ময়ূর নাচুক হেরিয়া তোমার
নীল নব ঘন রূপ।
সোনালি রঙের কোলা ব্যাঙ সদা
ঘ্যাঙ্ ঘ্যাঙ্ কলরবে
ঝিঁ ঝিঁ মুখরিত তামসী নিশায়
জাগায় যেন হে সবে।
পুষ্টিদ প্রিয় পায়সের সম
তুষ্টিদ তব জলে
রুক্ষ রুষ্ট পালক ঝাড়িয়া
ভিজুক বায়স দলে।
আশার আসন পাতিয়া রেখেছি,
কারানের ধারা ঢালি
খিন্ন উদরে অন্ন দাওহে
পূরিয়া শূন্য থালি।
নিদাঘ তাপিত বসুধা বক্ষে
অস্ত কুম্ভ কক্ষে
এস এস দেব ছুমাসের তরে
শুক্ল কৃষ্ণ পক্ষে।
তা না হ'লে দেশ আবাদ হবে না
পুকুর ডোবা ও খাল
কিছু ভরিবে না, পূরিবে না আশা
রাঢ় হবে নাজেহাল।
ধনী বিলাসীরা সকলে বাঁচিবে,
কৃষকই মরিবে আগে
সভা ও সমিতি করিবে সকলে
শেষে ভুয়া অনুরাগে।
কর মর্দ্দন, ঘন বক্তৃতা
ঘন কর চটাপটি
করিবে সকলে সভার মাঝারে
করি মহা ঘটাঘটি।
নীরস শুষ্ক, প্রাণের উৎস
থাকে না তাহাতে কিছু
ভিখারী দেখিলে কুণ্ঠিত চিতে
মুখ করে যারা নীচু।
তুমি না বাঁচালে দুঃস্থ কৃষকে
বাঁচাবে হে দেব কে?
ওহে ভগবান জগতের প্রাণ
মেঘরূপে এস হে!
ক্ষেত্র তৈয়ারি করিয়া রেখেছি
বীজও বুনেছি হে
সারাটি বছর না খেয়ে খেটেছি
হল কাঁধে ধরি হে!
যা কিছু করেছি তোমারি কৃপায়,
(এখন) কারানের বারি দাও
চরমের সখা! মরমের ব্যথা দূরি
শুনতরে চাও।
আহিম ভূধর সিন্ধু মেখলা
ভারতে বায়ুর বেগে
সৃজন পালন মূর্ত্তি ধর হে
বিজড়ি জড়িত মেঘে।
কাব্য সুধার পরমানন্দে
তৃপ্ত করিয়া সবে
মেঘদূতে তোমা ভারতের কবি
অমর করেছে ভবে।
মল্লীনাথের সুলেখনী যার
সু সমালোচনা করি
রাখিয়া গিয়াছে অমর কীর্ত্তি
কাব্য কানন ভরি।
সচেতন কিবা অচেতন তুমি
বিচার করিবে কে?
যেবা হও তুমি, জলরূপী ভব
সদা শিবময় হে!

শ্রীশরচ্চন্দ্র মুখোপাধ্যায়

---


## নূতন ঠিকানা

মনিগ্রামের প্রসিদ্ধ চিকিৎসক
পক্ষাঘাত, বাত, উন্মাদ, কাস, শ্বাস, চক্ষুরোগ, কর্ণরোগ,
ব্লাডপ্রেসার, বেরিবেরি—প্রভৃতি পীড়ার
চিকিৎসায় পারদর্শী
কবিরাজ—
শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী বিশ্বাস কবিরত্ন,
এম-বি-সি-এ, (গভর্ণমেণ্ট রেজিষ্টার্ড)
মনিগ্রাম বাসন্তীতলা
পোঃ মনিগ্রাম (মুর্শিদাবাদ)

## শিক্ষক মহাশয়গণের নিকট নিবেদন

আমরা ইংরাজী ও বাংলা ভাষায় উৎকৃষ্ট কাগজে স্কুলের প্রয়োজনীয় সকল প্রকার হাজিরা বহি, ভর্ত্তি বহি, ট্রান্সফার সার্টিফিকেট, বেতন আদায়ের রসিদ বহি প্রভৃতি মজুত রাখিয়াছি। দরকার হইলে আমাদের নিকট হইতে লইবেন। খাতাগুলি ভালভাবে বাইণ্ডিং করা।

বাংলা ভাষায় (প্রাইমারী স্কুলের জন্য)

| | |
|---|---|
| হাজিরা বহি (২০ পাতার) | ৶৹ |
| " ৪০ " | ॥৹ |
| ভর্ত্তি বহি ... ... | ।৶৹ |
| ট্রান্সফার সার্টিফিকেট (২০ পাতার) | ।৵৹ |
| রসিদ বহি (১০০ পাতার) | ।১৹ |

For M. E. & H. E. SCHOOLS.

| | |
|---|---|
| Students' Attendance Register with Fee realisation (25 pages) | -/11/- |
| Teachers' Attedance (25 pages) | -/11/- |
| First Admission Form (100 sheets) | 1/4/- |
| Transfer Certificate (100 sheets) (Triplicate.) | 2/12/- |
| Receipt Book (for fee collection) (100 pages in each Book) | -/4/- |
| Letter Heading ½ Foolscap size 100 ... ... | -/12/- |
| Do. ¼ Foolscap 100 | -/9/- |

ফরম সাপ্লাই এজেন্সী
পণ্ডিত প্রেস
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## ব্যানার্জ্জি হোমিও হল

বিশুদ্ধ হোমিওপ্যাথিক ঔষধ সুলভ মূল্যে পাওয়া যায়।
রঘুনাথগঞ্জ এম, ই, স্কুলের নিকট অনুসন্ধান করুন।

## সস্তায় রবার ষ্ট্যাম্প

সকল প্রকার রবার ষ্ট্যাম্প এক সপ্তাহ মধ্যে সরবরাহ করা হয়। সমস্ত ষ্ট্যাম্পই কলিকাতায় প্রস্তুত এবং কলিকাতার অন্যান্য কারখানা অপেক্ষা জিনিষ ভাল অথচ দামে সস্তা। রবারের পকেট প্রেস, ডেটিং ষ্ট্যাম্প, সেল্-ইঙ্কিং প্যাড ও কালী সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত থাকে। পরীক্ষা প্রার্থনীয়।

প্রাপ্তিস্থান—"পণ্ডিত-প্রেস"
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

## বিনামূল্যে হাঁপানীর ঔষধ

নিম্ন ঠিকানায় ৺মনোহর দাস বাবাজী সাধু প্রদত্ত হাঁপানীর ঔষধ জাতিধর্ম্মনির্ব্বিশেষে বিনামূল্যে বিতরণ করা হয়। এই ঔষধ মাত্র একবার সেবন করিতে হয়। ঠিকানা ও পাঁচ পয়সার ডাকটিকিটযুক্ত খাম পাঠাইলে মফঃস্বলে ডাকযোগে ঔষধ প্রেরিত হয়।

শ্রীসুধীন্দ্রনাথ দাস
শ্রীযুক্ত রায় মহেন্দ্রনাথ দাস বাহাদুরের বাড়ী
জগতাই, পোঃ নিমতিতা, (মুর্শিদাবাদ

রজশশী
# আয়ুর্ব্বেদ ভবন

**যথাসম্ভব সুলভে বিশুদ্ধ আয়ুর্ব্বেদীয় চিকিৎসার শ্রেষ্ঠ প্রতিষ্ঠান।**

( স্থাপিত সন ১৩৩২ সাল )

প্রতিষ্ঠাতা ও প্রধান চিকিৎসক

**কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন**

প্রধান ঔষধালয় :— রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ।

শাখা ঔষধালয় :— জঙ্গীপুর ( বাবুবাজার।

আয়ুর্ব্বেদীয় সকল রকম আসব, অরিষ্ট, মোদক, বটী, তৈল, ঘৃত, চূর্ণ ও ধাতুভস্মাদি সর্ব্বদা প্রচুর মজুত থাকে। মফঃস্বলের চিকিৎসকগণকে উপযুক্ত কমিশন দেওয়া হয়।

# পণ্ডিত প্রেস

**রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ**


**উচ্চশ্রেণীর ছাপার জন্য বিখ্যাত**

পরীক্ষা প্রার্থনীয়।






# স্বরবল্লী




যে সব ডাক্তাররা স্বরবল্লী ব্যবস্থা করে দেখে'ছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

**সি. কে. সেন এণ্ড কোং লিঃ**
**জবাকুসুম হাউস, কলিকাতা**

# বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে।

ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।




## সার্জ্জারী জগতে যুগান্তর।

ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র **অপেরীণ** ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুনুকা, মুখের ব্রণ পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমূল প্রভৃতি যন্ত্রণাপ্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য বড় শিশি ১৲, মাশুল সমেত ১।৵০ ।৵০ আনার টিকেট পাঠাইলে স্যাম্পেল শিশি পাইবেন।

## মৃতের জীবন :—ভাইট্যালী—{ বহুবিধ রোগনাশক জীবনীশক্তিবৰ্দ্ধক টনিক।

(ডাক্তার আনন্দ ঋষি মরা মানুষ বাঁচাইতে পারিতেন। তিনি বহু গবেষণার পর জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন।) মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। ... যাঁহারা মেহ, প্রমেহ, ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর, বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার ( জীবনীশক্তি ) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন। ।/০ আনার ডাক টিকিট পাঠাইলে ১ সপ্তাহের ঔষধ পাইবেন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য ১৲ মাত্র। ডাক মাশুল সমেত ১।৵০

**প্রাপ্তিস্থান ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্**
**ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা**

# সাধনা ঔষধালয়-ঢাকা

**বিশুদ্ধতায় সর্ব্বশ্রেষ্ঠ আয়ুর্ব্বেদীয় প্রতিষ্ঠান**

ব্রাঞ্চ ও এজেন্সি



পৃথিবীর সর্ব্বত্র

**অধ্যক্ষ—শ্রীযোগেশচন্দ্র ঘোষ, আয়ুর্ব্বেদশাস্ত্রী**

এম-এ, এফ-সি-এস ( লণ্ডন ), এম-এস-সি ( আমেরিকা )

ভাগলপুর কলেজের রসায়নশাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক ( প্রফেসার )

মকরধ্বজ ( বিশুদ্ধ ও স্বর্ণঘটিত ) তোলা ৪৲ নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা সর্ব্বপ্রকার দুর্ব্বলতানাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্যবিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, রক্তহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ—প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যাবতীয় রস ও স্ত্রীরোগের মহৌষধ। ১৬ মাত্রা ২৲ টাকা, ৫০ মাত্রা ৫৲ টাকা।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত